

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৬০৮৫

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - (আবু বাকর সিদ্দীক, 'উমার ফারুক এবং উসমান গনী রাযিয়াল্লাহু আনহুম) তিনজনের একত্রে মর্যাদা ও বৈশিষ্ট্য

الْفَصْلُ الثَّنِي (بَاب مَنَاقِبِ هُوَلاءِ الثَّلَاثَةِ)

আরবী

عَنْ ابْنِ عَمْرِو قَالَ: كُنَّا نَقُولُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَيٌّ: أَبُو بَكْرٍ وَعُمَرُ وَعُثْمَانُ رَضِيَ اللَّهُ عَنْهُمْ. رَوَاهُ التِّرْمِذِيُّ

صحیح ، رواه الترمذی (3707) وقال : حسن صحیح غریب) [و اصله فی صحیح البخاری (3698)] -
(حسن صحیح)

বাংলা

৬০৮৫-[৩] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) -এর জীবদ্দশায় আমরা বলতাম, আবু বকর, 'উমার এবং উসমান (রাঃ), 'আল্লাহ তা'আলা তাঁদের প্রতি সন্তুষ্ট থাকুন। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৬৯৮, তিরমিযী ৩৭০৭, নাসায়ী ৪৬৮০, আবু দাউদ ৪৬২৮, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১২৯৫৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে আবু বাকর, 'উমার ও 'উসমান (রাঃ) -এর ব্যাপারে অন্যান্য সাহাবীগণ আলোচনা করতেন যে, তাদের ওপর আল্লাহ সন্তুষ্ট হয়েছেন।

অত্র হাদীসের আরো একটি বর্ণনায় এসেছে যে, আমরা আল্লাহর রসূলের যুগেই তাদেরকে মর্যাদার দিক থেকে অগ্রাধিকার দিতাম। আমরা প্রথমে আবু বাকর, তারপর ‘উমার, তারপর ‘উসমান (রাঃ)-কে গণ্য করতাম। আর এভাবে করাকে নবী (সা.) অপছন্দ করতেন না।

ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, আনসার ও মুহাজিরগণ একত্রিত হয়েছে যে, নবী (সা.) - এর পরে এ উম্মতের শ্রেষ্ঠ ব্যক্তি হলেন আবু বাকর, ‘উমার ও ‘উসমান (রাঃ)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86061>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন